দৈনিক ইত্তেফাক

তারিখ 17 NOV 1997
পৃঃ ২৮ কলাম ৫

আওয়ামী লীগের সেমিনার

# প্রস্তাবিত শিক্ষানীতিতে মানবসম্পদ উন্নয়নের দিক নির্দেশনা রহিয়াছে

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (সোমবার) আওয়ামী লীগ আয়োজিত এক সেমিনারে বলা হইয়াছে, প্রস্তাবিত শিক্ষানীতিতে শিক্ষাসহ মানবসম্পদ উন্নয়নের আধুনিক ও যুগোপযোগী সুপারিশ রহিয়াছে। ইহা কার্যকর হইলে দেশ ও

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## প্রস্তাবিত শিক্ষানীতিতে

(শেষ পৃষ্ঠার পর)

জাতি উপকৃত হইবে। আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ উপ-পরিষদের উদ্যোগে ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, জাতীয় শিক্ষা কমিশনের চেয়ারম্যান প্রফেসর শামসুল হক, বস্ত্র প্রতিমন্ত্রী আ, খ, ম জাহাঙ্গীর, শিক্ষানীতি মূল্যায়ন ও ব্যয় নির্ধারণ কমিটির চেয়ারম্যান ডঃ নজরুল ইসলাম, শিক্ষা নীতি প্রণয়ন কমিটির সদস্য ডঃ কাজী খলীকুজ্জামান, মিসেস রাজিয়া মতিন চৌধুরী, আওয়ামী লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক নূরুল ইসলাম নাহিদ এমপি, শাহে আলম, এবিএম মোশাররফ হোসেন প্রমুখ সেমিনারে বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন শিক্ষা ও মানবসম্পদ উন্নয়ন উপ পরিষদের চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ কামরুজ্জামান। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন শফি আহমেদ। শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক বলেন, প্রস্তাবিত শিক্ষানীতিতে মানবসম্পদ উন্নয়নের সুস্পষ্ট দিক নির্দেশনা রহিয়াছে। ইহা বাস্তবায়িত হইলে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আসিবে।

প্রফেসর শামসুল হক বলেন, দীর্ঘ ৬ মাস অক্লান্ত পরিশ্রম করিয়া আমরা শিক্ষানীতি প্রণয়ন করিয়াছি। এই ক্ষেত্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতা আমাদের উদ্বুদ্ধ করিয়াছে। আ, খ, ম জাহাঙ্গীর বলেন, প্রস্তাবিত শিক্ষানীতি ছাত্র আন্দোলনেরই একটি বিজয়। তিনি বলেন, প্রাথমিক ও মাধ্যমিক শাখায় শিক্ষার মানের অবনতি ঘটিতেছে। অবিলম্বে এই অবস্থার পরিবর্তন ঘটানো প্রয়োজন।